


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন
স্থানীয় সরকার বিভাগ
www.orgbdr.gov.bd



স্মারক নং- ৪৬.০৪.০০০০.১০৪.৩৫.০০১.২৩ - ২৭৭

তারিখ: ০৯ ফাল্গুন ১৪২৯
২২ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: BDRIS সফটওয়্যারে জন্ম ও মৃত্যু নিবন্ধন বা সংশোধনের ক্ষেত্রে বাংলা ও ইংরেজি উভয় ভাষাতেই তথ্য পূরণ।

সূত্র: স্থানীয় সরকার বিভাগের ২৫ জানুয়ারি ২০২৩ তারিখের স্মারক নং- ৪৬.০০.০০০০.০১৮.১৮.০০১.১৯.৪০

জন্ম ও মৃত্যু নিবন্ধন দেশব্যাপী ও বিদেশস্থ বাংলাদেশ দূতাবাসসমূহে পরিচালিত একটি ব্যাপক কর্মকাণ্ড। জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ (সংশোধিত ২০১৩) অনুযায়ী জাতি, ধর্ম, বর্ণ, লিঙ্গ নির্বিশেষে সকল ব্যক্তির জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করার বিষয়ে নিবন্ধকের আইনি বাধ্যবাধকতা রয়েছে। BDRIS সফটওয়্যারে জন্ম ও মৃত্যু নিবন্ধন বা জন্ম ও মৃত্যু তথ্য সংশোধনের জন্য অনলাইনে আবেদন করতে হয়। এ ক্ষেত্রে বাংলা ও ইংরেজি ২ (দুই) ভাষাতেই তথ্য সন্নিবেশ করার বিধান রয়েছে। তবে কোনো কোনো ক্ষেত্রে শুধু ১ (এক) ভাষাতেই আবেদন করা হয় এবং এক ভাষাতেই সনদ নেয়া বা দেয়া হয়। যদিও উভয় ভাষাতেই সনদ দেয়ার পদ্ধতি চালু আছে। এছাড়া শিশুর জন্ম নিবন্ধনের সময় ইউনিক আইডি সৃষ্টির (generate) ক্ষেত্রে উভয় ভাষাতেই তথ্য পূরণ আবশ্যিক। উল্লেখ্য, জন্ম ও মৃত্যু তথ্য সংশোধনের ক্ষেত্রে বাংলা থেকে ইংরেজি বা ইংরেজি থেকে বাংলায় পূরণকৃত আবেদন সংশ্লিষ্ট নিবন্ধকই অনুমোদন করবেন।

০২। এমতাবস্থায়, তাঁর অধীন নিবন্ধন কার্যালয়সমূহকে এ নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করার নির্দেশ দেয়ার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

R ২২/০২/২০২৩

মোঃ রাশেদুল হাসান
রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব)
জন্ম ও মৃত্যু নিবন্ধন
ফোন: ২২২৩৩৮৬৬০৬
ইমেইল: rg@orgbdr.gov.bd

বিতরণ:

- ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল).....সিটি কর্পোরেশন।
- ২। জেলা প্রশাসক (সকল).....জেলা।
- ৩। চিফ এক্সিকিউটিভ অফিসার, ক্যান্টনমেন্ট বোর্ড (সকল).....ক্যান্টনমেন্ট বোর্ড।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার (সকল) মহোদয়ের একান্ত সহকারী।